

📃 আন-নাহাল | An-Nahl | ٱلنَّحْل

আয়াতঃ ১৬ : ৯৫

া আরবি মূল আয়াত:

আর তোমরা স্বল্প মূল্যে আল্লাহর অঙ্গীকার বিক্রি করো না। আল্লাহর কাছে যা আছে, তোমাদের জন্যই তাই উত্তম, যদি তোমরা জানতে। — আল-বায়ান

তোমরা আল্লাহর সঙ্গে কৃত ওয়া'দা নগণ্য মূল্যে বিক্রয় করো না। আল্লাহর নিকট যা আছে তোমাদের জন্য তা-ই উত্তম- তোমরা যদি জানতে! — তাইসিরুল

তোমরা আল্লাহর সঙ্গে কৃত অংগীকার তুচ্ছ মূল্যে বিক্রি করনা; আল্লাহর কাছে যা আছে শুধু তা'ই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জানতে। — মুজিবুর রহমান

And do not exchange the covenant of Allah for a small price. Indeed, what is with Allah is best for you, if only you could know. — Sahih International

৯৫. আর তোমরা আল্লাহর অঙ্গীকার তুচ্ছ মূল্যে বিক্রি করো না।(১) আল্লাহর কাছে যা আছে শুধু তা-ই তোমাদের জন্য উত্তম–যদি তোমরা জানতে!

(১) এর অর্থ এই নয় যে, বড় লাভের বিনিময়ে তা বিক্রি করতে পারো। এখানে 'সামান্য মূল্য' বলে দুনিয়ার মুনাফাকে বোঝানো হয়েছে। এগুলো পরিমাণে যত বেশীই হোক না কেন, আখেরাতের মুনাফার তুলনায় দুনিয়া ও দুনিয়ার সমস্ত ধন-সম্পদ সামান্যই বটে। [ইবন কাসীর] যে ব্যক্তি আখেরাতের বিনিময়ে দুনিয়া গ্রহণ করে, সে অত্যন্ত লোকসানের কারবার করে কারণ, অনন্তকাল স্থায়ী উৎকৃষ্ট নেয়ামত ও ধন-সম্পদকে ক্ষণভঙ্গুর ও নিকৃষ্ট বস্তুর বিনিময়ে বিক্রয় করা কোন বুদ্ধিমান পছন্দ করতে পারে না।

তাফসীরে জাকারিয়া

(৯৫) তোমরা আল্লাহর সঙ্গে কৃত অঙ্গীকার তুচ্ছ মূল্যে বিক্রি করো না। আল্লাহর কাছে তা উত্তম; যদি তোমরা জানতে।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1996

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন